

# FAQ

## Admission 2023-24

১. এডমিশনের রেজিস্ট্রেশনের জন্য কোন টাকা দিতে হবে না।
২. ভর্তি প্রক্রিয়া শেষ হলে তবেই সমস্ত রকম রিফাও এর প্রক্রিয়া শুরু করা হবে।
৩. যদি কোন স্টুডেন্ট টাকা জমা দেবার পর সার্ভার এর প্রবলেম এর কারণে এডমিশন প্রক্রিয়া কমপ্লিট করতে না পারে তাহলে তাকে তৎক্ষণাৎ হেল্পলাইনে ফোন করে ব্যাপারটি জানাতে হবে।
৪. অতিরিক্ত মেরিট লিস্ট পাবলিশ হলে সেটা ওয়েবসাইটে সঠিক সময়ে জানিয়ে দেওয়া হবে।
৫. কেউ যদি এডমিশনের ডেট মিস করে তাহলে তাকে কোনোভাবেই পরে ভর্তি নেওয়া যাবে না।
৬. মেরিট লিস্টে নাম কনফার্ম হলে কলেজ কর্তৃপক্ষ স্টুডেন্টদেরকে মেসেজের মাধ্যমে সেটা জানিয়ে দেয়। কিন্তু অনেক সময় নেটওয়ার্ক ইস্যুর কারণে মেসেজ সব মেসেজ ডেলিভার হয় না। তাই ছাত্র-ছাত্রীদেরকে অনুরোধ করা হচ্ছে যে তারা যেন কলেজের ওয়েবসাইট এবং এডমিশন ওয়েবসাইট রেগুলার ফলো করে এবং তাদের ব্যক্তিগত একাউন্টে লগইন করে তাদের স্ট্যাটাস নিয়মিত চেক করে। মেসেজ যদি ডেলিভার না হয় তাহলে কলেজ কর্তৃপক্ষ কোনোভাবে তার জন্য দায়ী থাকবে না।
৭. একটা স্টুডেন্ট সর্বাধিক চারটি মেজর সাবজেক্টে এপ্লাই করতে পারবে এবং সর্বাধিক দুইবার সাবজেক্ট চেঞ্জ করতে পারবে।
৮. সাবজেক্ট চেঞ্জ করার সময় কোন স্টুডেন্ট যে সাবজেক্টে চেঞ্জ হয়ে যাচ্ছে সেই সাবজেক্টের ফীজ আগের সাবজেক্টের সমান থাকে তাহলে তাকে আলাদা করে কোন

ফীজ পেমেন্ট করতে হবে না। যদি যে সাবজেক্টে চেঞ্জ হয়ে যাচ্ছে তার ফীজ বেশি হয় তাহলে ফীজ এমআইন্টের যে ডিফারেন্স আছে সে ডিফারেন্সটি পে করতে হবে। যদি যে সাবজেক্টে চেঞ্জ হচ্ছে সেই সাবজেক্টের ফীজ কম থাকে তাহলে সে ক্ষেত্রে কোন রকম রিফাণ্ড পাবে না।

৯. শুধুমাত্র ২০২৩, ২০২২ এবং ২০২১ সালে পাস করা ছাত্রছাত্রীরাই আবেদন করতে পারবে।

১০. এপ্লাই করার সময় মেজর সাবজেক্ট (সর্বাধিক চারটি) অপশন দিয়ে এপ্লাই করতে হবে। আলাদা করে পাস বা অনার্স এ এপ্লাই করা হবে না। কোর্স সংক্রান্ত বিস্তারিত ডিটেলস ওয়েবসাইটে দেওয়া আছে। যেসব সাবজেক্টে চার বছর অপশন দেওয়া আছে সেই সব সাবজেক্টে ম্যাক্সিমাম চার বছর কোর্স করা যাবে আর যেসব সাবজেক্টে তিন বছর অপশন দেওয়া আছে সেসব সাবজেক্টে ম্যাক্সিমাম তিন বছর কোর্স করা যাবে।